

সোনালী ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়, ঢাকা।
ডিজিটাল এন্ড কন্ট্রোল ডিভিশন

প্রধান কার্যালয় পরিপত্র নম্বর : ৩০৮

তারিখ : ২৪ জুলাই, ২০১১

জেনারেল ম্যানেজার/জিএম অ্যান্ড কোম্পানী সেক্রেটারী/
ডেপুটি জেনারেল ম্যানেজার/এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার
সকল জেনারেল ম্যানেজার'স অফিস/
স্থানীয় কার্যালয়, ঢাকা/
প্রধান কার্যালয়ের সকল বিভাগ/
কর্পোরেট শাখা/স্টাফ কলেজ/
প্রিন্সিপাল অফিস/আঞ্চলিক কার্যালয়/
ট্রেনিং ইনস্টিটিউট/সকল শাখা
সোনালী ব্যাংক লিমিটেড
বাংলাদেশ।

এসএমই (স্ক্রু ও মাঝারী এক্টারপ্রাইজ) ডিভিশন : এসএমই এর আওতাভুক্ত ঋণ এসএমই খাতে নিষ্পত্তিকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

আপনাদের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, এসএমই বিভাগ হতে বিভিন্ন সময় এসএমই ঋণ নিষ্পত্তিকরণ ও রিপোর্টিং সংক্রান্ত বিষয়ে নিম্নবর্ণিত ইস্তেহার ও সাধারণ পত্রসমূহ জারী করা হয়েছে :

- ১) প্রধান কার্যালয় ইস্তেহার নম্বর-৪৭, তারিখ - ১৮ জুন, ২০০৯
- ২) এসএমই ডিভিশনের সাধারণ পত্র নম্বর-৩০৪, তারিখ - ৩০ আগস্ট, ২০১০
- ৩) এসএমই ডিভিশনের সাধারণ পত্র নম্বর-১৯২, তারিখ - ২২ জুন, ২০১১

২.০০ : এই বিভাগের মৌলিক নীতিমালা সংক্রান্ত প্রধান কার্যালয় ইস্তেহার নং-৪৭, তারিখ ১৮ জুন এ উল্লেখ করা হয়েছে যে, পল্টী ও মাইক্রো ক্রেডিট ডিভিশনের স্বীকৃত ঋণসমূহ বহারীতি তাদের ডিভিশন কর্তৃক প্রক্রিয়াকরণ ও পরিচালিত হবে। উক্ত ইস্তেহার জারীর পূর্ব হতে বিদ্যমান ঋণসমূহও ঋণ মঞ্জুরকারী বিভাগের আওতাধীন থাকবে। তবে এই ইস্তেহার জারীর পর হতে ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা হতে ১,৫০,০০,০০০ (এককোটি পঞ্চাশ লক্ষ) টাকা পর্যন্ত নতুনভাবে মঞ্জুরীকৃত প্রকল্প ঋণ ও চলতি মূলধন ঋণ/ট্রেডিং ঋণসমূহ এসএমই বিভাগের আওতাধীন হবে।

৩.০০ : এ প্রসঙ্গে এই বিভাগের ৩০ আগস্ট, ২০১০ তারিখের ৩০৪ সংখ্যক সাধারণ পত্রেও (যা মূল ইস্তেহার-৪৭এর সারসংক্ষেপও ঘটে) স্পষ্টভাবে জানানো হয়েছিল যে, প্রধান কার্যালয়ের ইস্তেহার নং-৪৭ জারীর পূর্বে বিতরণকৃত সকল ঋণ নবায়ন বা ঋণসীমা বর্ধিতকরণসহ যাবতীয় কার্যাদি ঋণ মঞ্জুরীকারী বিভাগ কর্তৃক সম্পন্ন হবে। তবে উক্ত ইস্তেহার জারীর পর হতে ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা হতে ১,৫০,০০,০০০ (এককোটি পঞ্চাশ লক্ষ) টাকা পর্যন্ত সকল প্রকার নতুন প্রকল্প ঋণ এবং চলতি মূলধন ঋণ/ট্রেডিং ঋণ (ক্যাশ ক্রেডিট - হাইপোঃ, ক্যাশ ক্রেডিট - প্রোজ, এলসি লিমিট ও অন্যান্য) এসএমই ডিভিশনের আওতায় মঞ্জুরী দিতে হবে এবং পত্রের কোড ও নির্দেশনা মোতাবেক রিপোর্ট করতে হবে। উক্ত পত্রে এসএমই ঋণসমূহ নিম্নরূপভাবে রিপোর্ট করতে বলা হয়েছে :

এসএমই অর্থায়নে এফ-১২ এবং এফ-৪২ এ রিপোর্টিং এর ব্যাপারে নিম্নোক্ত কোড নম্বর অনুসরণ করতে হবে :

F-12 এর Assets side এ SME Finance এর আওতায় হিসাব খাত :

SME Finance A/c (Term Loan to service)	A-0351
SME Finance A/c (Term Loan to Industries)	A-0352
SME Finance A/c (Working Capital to Industries, service and Trading)	A-0353

F-42 এর Income side এ Loans & Advance এর সুদ এর আওতায় হিসাব উপ-খাত :

Interest on SME Finance A/c. (Term Loan to service and Industries)	I-0192
Interest on SME Finance A/c. (Working Capital to Industries, service and Trading)	I-0193

উক্ত পত্রের সাথে এসএমই খাতসমূহের একটি বিস্তারিত তালিকাও সংযোজিত ছিল।

স্বাক্ষরিত/স্বাক্ষরিত
২৪/৭

০ : বর্তমানে মঞ্জুরীত্ব ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা হতে ১,৫০,০০,০০০ (এককোটি পঞ্চাশ লক্ষ) টাকা পর্যন্ত নতুন প্রকল্প, চলতি মূলধন ঋণ/ট্রেডিং ঋণসমূহ- এসএমই (একক ঋণ), এসএমই (ক্যাশ ক্রেডিট - হাইপোঃ), এসএমই (ক্যাশ ক্রেডিট - প্রজ), এসএমই (এলসি লিমিট) প্রভৃতি শিরোনামে মঞ্জুরী দিতে হবে এবং ৩০ আগস্ট, ২০১০ তারিখের ৩০৪ সংখ্যক সাধারণ পত্রের নির্দেশনা মোতাবেক রিপোর্ট করতে হবে।

৫.০০ : এই বিভাগের ২২ জুন, ২০১১ তারিখের ১৯৩ সংখ্যক পত্রের মাধ্যমেও এসএমই ঋণ বিতরণ ও রিপোর্টিংয়ের বিষয়ে বিস্তারিত নির্দেশনা দেয়া হয়েছে।

৬.০০ : কিন্তু পরিচাপের সাথে লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন শাখা হতে এসএমই নীতিমালার আলোকে বিতরণযোগ্য ঋণকে অন্য বিভাগের আওতাধীন ঋণ হিসাবে বিতরণ করা হচ্ছে এবং সেই মোতাবেক রিপোর্ট করা হচ্ছে। এসএমই ঋণের আওতায় ঐ সকল ঋণসমূহ বিতরণ না করায় এবং ভুলভাবে রিপোর্টিং করার কারণে প্রধান কার্যালয়সহ সকল বিভাগে ঋণ তথ্যসমূহে মারাত্মক গরমিল পরিলক্ষিত হচ্ছে। এমনকি বাংলাদেশ ব্যাংকেও ভুল তথ্য উপস্থাপিত হচ্ছে। ফলে বাংলাদেশ ব্যাংকের নিকট একদিকে যেমন আমাদের ভাবমূর্ত্তি মারাত্মকভাবে ক্ষুণ্ণ হচ্ছে, অন্যদিকে ভুল তথ্যের কারণে আমাদের বিভিন্ন সমস্যার সম্মুখীন হতে হচ্ছে, যা কারো জন্যই কামা নয়। মাঠ পর্যায়ে এসএমই ঋণে বিতরণযোগ্য ঋণ অন্য বিভাগের আওতাধীন ঋণ হিসাবে পরিলক্ষিত করার ফলেই এসএমই ঋণে অপরিপূর্ণ বিতরণ রিপোর্টিং হচ্ছে। ফলে এসএমই ঋণে সোনালী ব্যাংকের প্রকৃত অংশগ্রহণ প্রতিফলিত না হওয়ায় বাংলাদেশ ব্যাংক এবং একবিসিসিআই বিরূপ ধারণা পোষণ করছে।

৭.০০ : এমতাবস্থায়, উল্লিখিত সার্কুলার ও সাধারণ পত্রসমূহের নির্দেশনার আলোকে এসএমই ঋণে বিতরণযোগ্য ঋণকে শুধুমাত্র এসএমই ঋণ হিসেবেই প্রসেস করার জন্য সংশ্লিষ্ট সকলকে পুনরায় পরামর্শ দেয়া হলো। ঋণ মঞ্জুরী পত্রের একটি কপি (আনুষঙ্গিক কাগজপত্র ছাড়া) সরাসরি এই বিভাগে প্রেরণ করতে হবে। এতদ্ব্যতীত নিয়োক্ত ছকে একটি প্রত্যয়ন পত্র এই বিভাগে প্রেরণ করার জন্যে সকল প্রিন্সিপাল অফিস/আঞ্চলিক কার্যালয় এবং কর্পোরেট শাখা প্রধানগণকে পরামর্শ দেয়া হলো।

আপনাদের বিশ্বস্ত,

(ডা. ন. ম. মাসরুরুল হুদা সিরাজী)
জেনারেল ম্যানেজার

(নিলুফার আখতার)
ডেপুটি জেনারেল ম্যানেজার

সোনালী ব্যাংক লিমিটেড
প্রিন্সিপাল অফিস/আঞ্চলিক কার্যালয়.....
..... কর্পোরেট শাখা

'প্রত্যয়ন পত্র'

এতদ্বারা প্রত্যয়ন করা যাচ্ছে যে, এই কার্যালয়/এই কার্যালয়ের আওতাধীন সকল শাখা হতে প্রধান কার্যালয়, এসএমই ডিভিশনের ইত্তেহার ও নির্দেশনা মোতাবেক এসএমই বিভাগের আওতাধীন ঋণসমূহকে এসএমই ঋণ হিসেবেই মঞ্জুরী ও বিতরণ করা হচ্ছে এবং F-12 ও F-42 এর সঠিক রিপোর্ট করা হচ্ছে। এতদ্ব্যতীত প্রধান কার্যালয়ে সঠিকভাবে প্রতিবেদন প্রেরণ করা হচ্ছে।

তারিখ : ০৩/০৭/১০

পিত্ত/স্বাক্ষর/কর্পোরেট শাখা প্রধানের মাধ্যমে করণ

SME Policy.doc